# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## কোন মজলিসে মুসলিম-অমুসলিম এক সাথে বসে থাকলে

কোন মজলিসে মুসলিম-অমুসলিম এক সাথে বসে থাকলে সেখানেও সালাম দেওয়া সুন্নাত।[1] অবশ্য এখানে নিয়ত রাখতে হবে মুসলিমদের জন্য।[2]

প্রকাশ থাকে যে, মুসলিম-অমুসলিম মিশ্র মজলিসকে লক্ষ্য করে ‘আস্‌-সালামু আলা মানিত্তাবাআল হুদা’ বলে সালাম দেওয়া বিধেয় নয়।[3] পক্ষান্তরে অমুসলিমকে চিঠি লিখার সময় ঐ সালাম লিখা চলে।

কেউ কেউ বলেছেন, অমুসলিমদেরকে সালাম দিতে ‘আস্‌-সালামু আলা মানিত্তাবাআল হুদা’ বলা যায়।[4]

অথবা ‘আস্সালামু আলাইনা অআলা ইবাদিল্লাহিস স্বালিহীন’ও ব্যবহার করা যায়।[5]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৬২৫৪, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/১৭৯৮

[2]. আল-আদাবুশ শারইয়্যাহ ১/৩৯০, আযকার, নওবী ৩৬৭পৃঃ

[3]. ফাতাওয়াল আকীদাহ, ইবনে উষাইমীন ২৩৭পৃঃ

[4]. মুসান্নাফ ইবনে আবী শাইবা ২৫৯৮৮, মুসান্নাফ আঃ রায্যাক ১৯৪৫৯

[5]. মুসান্নাফ ইবনে আবী শাইবা ২৫৯৮৯, মুসান্নাফ আঃ রায্যাক ১৯৪৫৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=7984

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন